

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
জননিরাপত্তা বিভাগ  
প্রশাসন-৩ শাখা  
[www.mhapsd.gov.bd](http://www.mhapsd.gov.bd)

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ এর ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ক কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : শহীদ মোহাম্মদ ছাইদুল হক  
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)  
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

তারিখ : ৩০ অক্টোবর ২০২৪

সময় : বিকাল ০৩.০০ টা

স্থান : যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) এর অফিস কক্ষ

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি : পরিশিষ্ট-‘ক’

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে সকল ডেন পরিষ্কার, জননিরাপত্তা বিভাগ কর্তৃক ব্যবহৃত ৮নং ভবনের চারপাশের অন্যান্য স্থাপনা ও ডেন পরিষ্কারসহ ভবনের ভিতর/বাহির/ছাদ এবং আনাচে-কানাচে পড়ে থাকা অপয়োজনীয় পাত্রসমূহ সরানোর উপর গুরুত্বারোপ করেন।


২। সভার সদস্য সচিব জনাব মোহানা নাসরিন, উপসচিব (প্রশাসন-৩) বলেন, ডেঙ্গু একটি ভাইরাসজনিত জ্বর, এডিস মশা ডেঙ্গু ভাইরাসের একমাত্র বাহক। এ মশার কামড়ে ডেঙ্গু ছড়ায়। এডিস মশা দিনের বেলায়, সাধারণত ভোরে এবং সন্ধ্যায় কামড়ায়। এ রোগে জ্বর (শরীরে তাপমাত্রা হঠাৎ বৃদ্ধি পায়), মাথা ব্যথা, চোখের পিছনে ব্যথা, পেটে ব্যথা, মাংসপেশী ও হাড়ে ব্যথা (বিশেষতঃ মেরুদণ্ডে ব্যথা) বমি-বমি ভাব ও শরীরে হামের মত দানা দেখা দেয়। এ রোগে আক্রান্ত হয়ে অনেক রোগী মৃত্যুবরণ করেন। তিনি আরো বলেন, জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণসহ সরকারি নির্দেশনা/অনুশাসন বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ তাঁর সাথে একমত পোষণ করেন।

৩। সভার সদস্য জনাব মিন্টু চৌধুরী, উপসচিব (প্রশাসন-২) আলোচনায় অংশ নিয়ে বলেন, ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয় হতে নিয়োগকৃত পরিচ্ছন্নতা কর্মীর মাধ্যমে জননিরাপত্তা বিভাগ কর্তৃক ব্যবহৃত ৮নং ভবনের চারপাশে ডেন নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয় এবং ভবনের অভ্যন্তরে ছাদ/আনাচে-কানাচে/টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্নতার নিমিত্ত প্রয়োজনীয় দ্রব্যাদি ব্যবহার করা হয়ে থাকে।

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র:নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
৪.১	জননিরাপত্তা বিভাগের সকল কর্মকর্তাগণকে তাঁর নিজ নিজ অফিস কক্ষ, টয়লেট ও বারান্দা পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে তৎপর থাকার অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট সকলকে ইউওনোট এর মাধ্যমে অবহিত করতে হবে।	সকল কর্মকর্তা জননিরাপত্তা বিভাগ
৪.২	জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে।	দপ্তরসংস্থ প্রধানসকল প্রশাসন-৩ শাখা
৪.৩	ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে বাংলাদেশ সচিবালয়ে অভ্যন্তরে সকল ডেন পরিষ্কারসহ জননিরাপত্তা বিভাগ কর্তৃক ব্যবহৃত ৮নং ভবন সংলগ্ন স্টীল ট্রাকচার ও অন্যান্য স্থাপনাসমূহের চারপাশে ডেন পরিষ্কারসহ ভবনের ভিতর/বাহির/ছাদ এবং আনাচে-কানাচে পড়ে থাকা অপয়োজনীয় নষ্ট মালামাল/পাত্রসমূহ উপযুক্ত স্থানে সরানোর ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয় এবং এ বিভাগের প্রশাসন-২ শাখাকে পত্র প্রেরণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রশাসন- ২ শাখা
৪.৪	৮নং ভবনের অভ্যন্তরে ছাদ/বারান্দা/ টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্নতার নিমিত্ত প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ, ময়লা পানি জমে থাকে এমন দ্রব্য সরানোর ব্যবস্থার জন্য এ বিভাগের প্রশাসন-২ শাখাকে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন-২ শাখা/ প্রশাসন-৩ শাখা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
শহীদ মোহাম্মদ ছাইদুল হক  
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)

ও  
ফোকাল পয়েন্ট  
ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ক কমিটি  
জননিরাপত্তা বিভাগ।